



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার নং- ২৩

ডিসেম্বর ২৮, ২০২১
তারিখঃ -----
পৌষ ১৩, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ডরম্যান্ট হিসাব (Dormant Account) পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ব্যাংক ডরম্যান্ট হিসাব (Dormant Account) পরিচালনার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন নীতিমালা অনুসরণ করছে, যা গ্রাহক পর্যায়ে বিভ্রান্তির সৃষ্টি করছে এবং গ্রাহকগণ নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন। এছাড়াও লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ব্যাংক কর্তৃক ডরম্যান্ট হিসাবে সুদ বা মুনাফা প্রদান না করা হলেও বিভিন্ন ধরনের চার্জ কর্তন করা হচ্ছে। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় ডরম্যান্ট হিসাব পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো :

১। ইসলামিক ব্যাংকসহ সকল তফসিলি ব্যাংকের সকল প্রকার চলতি, Short Notice Deposit (এসএনডি) এবং সঞ্চয়ী হিসাব যে নামেই অভিহিত করা হোক না কেন সর্বশেষ লেনদেন বা হিসাব বিবরণীর সর্বশেষ প্রাপ্তি স্বীকার বা উক্ত বিবরণীর জন্য সর্বশেষ অনুরোধের তারিখ থেকে অনূন্য ০৬ (ছয়) মাস গ্রাহক কর্তৃক কোন প্রকার লেনদেন সম্পাদিত না হলে, সে সকল হিসাবসমূহকে Inoperative (অপ্রচলিত) হিসাব হিসেবে গণ্য করা হবে।

২। উল্লেখ্য, উপরোল্লিখিত হিসাবসমূহ Inoperative (অপ্রচলিত) হিসেবে চিহ্নিত হওয়ার পর নিম্নবর্ণিত সময় অতিক্রান্ত হলে তা ডরম্যান্ট হিসাব বলে গণ্য করা হবেঃ

- ক) চলতি হিসাব: অনূন্য ০৬ (ছয়) মাস
- খ) এসএনডি হিসাব: অনূন্য ০৬ (ছয়) মাস
- গ) সঞ্চয়ী হিসাব: অনূন্য ১৮ (আঠারো) মাস

তবে শর্ত থাকে যে, সরকার, নাবালক এবং আদালতের অর্থ সংক্রান্ত হিসাবসমূহ ডরম্যান্ট হিসেবে গণ্য হবে না।

৩। এই সার্কুলারের উদ্দেশ্যপূরণকল্পে, লেনদেন বলতে চেক, গ্রাহকের ডেবিট নির্দেশনা, ডেবিট বা এরূপ কার্ড, ইন্টারনেট ব্যাংকিং বা যে কোন অ্যাপ (App) ব্যবহারের মাধ্যমে হিসাবের লেনদেনকে বুঝাবে। এক্ষেত্রে হিসাবসমূহে প্রদেয় সুদ/মুনাফা এবং চার্জ/এক্সট্রাইজ ডিউটি/ভ্যাট আরোপ করা হলেও তা লেনদেন হিসাবে গণ্য হবে না।

চলমান পাতা/০২

৪। ডরম্যান্টকৃত যে কোন চলতি, এসএনডি এবং সঞ্চয়ী হিসাবের উপর প্রযোজ্য সুদ বা মুনাফা গ্রাহকের সাথে চুক্তির শর্তানুযায়ী নির্ধারিত সময়ে উক্ত হিসাবে প্রদান করতে হবে এবং এর উপর প্রযোজ্য চার্জ/এক্সাইজ ডিউটি/ভ্যাট নির্ধারিত সময়ে কর্তন করা যাবে।

৫। ডরম্যান্টকৃত চলতি, এসএনডি এবং সঞ্চয়ী হিসাব পুনরায় পরিচালনা করার লক্ষ্যে গ্রাহক কর্তৃক শাখা ব্যবস্থাপকের নিকট লিখিতভাবে আবেদন করতে হবে। উক্ত আবেদনে যাচিত চাহিদাকে বিবেচনায় নিয়ে ব্যাংক কর্তৃক ডরম্যান্ট হিসাব সক্রিয়/চালু করা যাবে। তবে, উক্ত হিসাবটি লেনদেনবিহীনভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হলে বিআরপিডি সার্কুলার নং- ০২/২০২০ এ উল্লিখিত নির্দেশনার আলোকে হিসাব পরিচালনার জন্য নতুনভাবে KYC (Know Your Customer) সম্পন্ন করতে হবে। ডরম্যান্ট হিসাব নতুনভাবে চালুকরণের ক্ষেত্রে Activation of Dormant Account বাদ কোন চার্জ/ফি আদায় করা যাবে না।

৬। যে কোন হিসাব ডরম্যান্ট হিসেবে চিহ্নিত করার অব্যবহিত ০১ (এক) মাস পূর্বে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক এসএমএস, ইমেইল, পত্র যোগাযোগ, ব্যাংকের নিজস্ব রিলেশনশীপ অফিসার বা অন্য যে কোন মাধ্যমে উক্ত হিসাবধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগপূর্বক গ্রাহককে অবহিত করতে হবে।

৭। উল্লেখ্য, চলতি, সঞ্চয়ী, এবং এসএনডি হিসাব খোলার সময়ে সম্পাদিত চুক্তিতে উপরোক্ত শর্ত সন্নিবেশিত করতে হবে।

৮। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২